**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**3 FEBRUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

আসাম সরকার মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম প্রকল্পের অধীনে নতুন করে আরো ৭৫ হাজার যুবক যুবতীকে আর্থিক সাহায্য প্রদান করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । এই প্রকল্পের অধীনে ৭৫ হাজার যুবক যুবতীকে প্রাথমিক পর্য্যায়ে আর্থিক সাহায্য প্রদানের জন্য আবেদনের পোর্টেল ইতিমধ্যে খুলে দেওয়া হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানিয়েছেন যে মোট ১ লক্ষ ৬২ হাজার যুবক যুবতী এই প্রকল্পের সুযোগ গ্রহনের জন্য নাম পঞ্জীয়ন করেছিল ও তাদেরকে বর্তমানে নির্দিষ্ট প্রস্তাবগুলি এখন পোর্টেলে জানাতে হবে । এর মধ্য থেকে ৭৫ হাজার যুবক যুবতীকে নির্বাচন করা হবে । উল্লেখ্য এর আগে রাজ্য সরকার প্রথম পর্যায়ে এই প্রকল্পের অধীনে ২৫ হাজার যুবক যুবতীকে এক লক্ষ টাকা করে প্রদান করেছে এবং বাকী এক লক্ষ টাকা দ্বিতীয় কিস্তি হিসেবে আগামী সেপ্টেম্বর - অক্টোবর মাসে প্রদান করা হবে ।

---

রাজ্যের শিল্প ও বাণিজ্য মন্ত্রী বিমল বরা এডভান্টেজ আসাম শীর্ষক সম্মেলনের দ্বিতীয় পর্বের প্রস্তুতি পর্যালোচনা করার উদ্দেশ্যে গতকাল দিশপুর জনতা ভবনে একটি পর্যালোচনা বৈঠকে অংশ নেন । বৈঠকে আসাম শিল্প উন্নয়ন নিগমের পরিচালন সঞ্চালক মানবেন্দ্র প্রতাপ সিং সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায় আজ বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী মা স্বরস্বতীর আরাধনা করা হচ্ছে । এদিকে গতকাল দুপুরে পঞ্চমী তিথি শুরু হওয়ায় উপত্যকার বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠানে বাগদেবীর পূজা অনুষ্ঠিত হয়েছে । এ উপলক্ষ্যে মা স্বরস্বতীর চরণে অঞ্জলি প্রদানের জন্য ছাত্র ছাত্রীদের মধ্যে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে । এছাড়া অনেক বাসগৃহেও গতকাল বাগদেবীর আরাধনা করা হয় ।
তবে কাছাড় ,শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার বেশীরভাগ শিক্ষা প্রতিষ্ঠান ও কার্যালয়ে আজ সকালে স্বরস্বতী পূজার আয়োজন করা হয়েছে । আকাশবানী শিলচর কেন্দ্রেও আজ বাগদেবীর আরাধনা করা হচ্ছে ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বসন্ত পঞ্চমী ও স্বরস্বতী পূজা উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি শ্রীমতি মূর্মু শিক্ষা ও জ্ঞানের সঙ্গে জড়িত এই উৎসব দেশের সব নাগরিকের সুখ ,সমৃদ্ধি ও প্রজ্ঞা বৃদ্ধি করবে বলে কামনা করেন । বসন্ত পঞ্চমীর তাৎপর্য ব্যাখ্যা করে রাষ্ট্রপতি ভারতকে বিশ্বের জ্ঞানকেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করার প্রার্থনা করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও এ উপলক্ষ্যে শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

---

২০২৫-২৬ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেটে উত্তর-পূর্বাঞ্চলের জন্য  ও উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রকের  জন্য বরাদ্দ করা অর্থ বৃদ্ধি করা হয়েছে । বাজেটে এবার উত্তর পূর্ব উন্নয়ন মন্ত্রকের  জন্য পাচ হাজার ৯১৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে । ২০২৪-২৫ অর্থ বছরের বাজেটে এই মন্ত্রকের জন্য চার হাজার ছয় কোটি টাকা ধার্য করা হয়েছিল । এক্ষেত্রে বন্টন করা অর্থের বৃদ্ধির পরিমান প্রায় ৪৭ দশমিক ৬ শতাংশ । এ ছাড়া আসামের চা শ্রমিকদের সামাজিক সুরক্ষার জন্য বাজেটে ৬৬ কোটি ৮৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে ।

এবারে শুনা যাক বরাক উপত্যকার হাইলাকান্দি জেলার বিশিষ্ট ব্যবসায়ী রতন সারদার বাজেট নিয়ে মন্তব্য :

**বাইট**

এখন শোনা যাবে হাইলাকান্দি লালা রুরাল কলেজের অধ্যক্ষ হিম্‌ব্রত চক্রবর্তীর বাজেট নিয়ে প্রতিক্রিয়া

**বাইট**

---

লায়ন্স ক্লাব অব লালার উদ্যোগে এবং আর্ট এন্ড মিশন ও লালা বন বিভাগের উদ্যোগে গতকাল লালার শেফালিকা রায় স্মৃতি মাতৃভাষা আর্দশ বিদ্যাপীঠে বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে বিশ্ব জলাভূমি দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে ছাত্র-ছাত্রীদের মধ্যে আজ আলপনা , ক্যুইজ , সচেতনতা সভার আয়োজন করা হয়েছে । ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে অনুষ্ঠিত সচেতনতা সভায় জলাভূমির গুরুত্ব ও

তাদের সংরক্ষন ও সুরক্ষার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে লালা পৌরসভার আধিকারীক রবিউল আওয়াল , বন বিভাগের আধিকারীক চিরন্ময় দাস , শেফালিকা রায় স্মৃতি মাতৃভাষা আর্দশ বিদ্যাচপীঠের অধ্যক্ষা কৈনাতন্বী সিংহ প্রমূখ বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি জেলায় ভারতরত্ন লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ ট্রফি ফুটবল প্রতিযোগীতার আজকের বি গ্রুপের প্রথম খেলায় রংমাই নাগা ওয়েলফেয়ার এসোসিয়েশন খেলবে এন জি ও প্যারাডাইসের বিরুদ্ধে এবং দিনের দ্বিতীয় খেলায় র‍্যায়েল এসোসিয়েশন খেলবে ভাটিরকূপা এফ সি-র বিরুদ্ধে ।
এদিকে নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের প্রথম খেলায় বাওয়ারঘাট এফ সি ১১-০ গোলের ব্যবধানে ইনসাফ ক্লাবকে এবং দিনের দ্বিতীয় খেলায় আলগাপুর এফ সি ৭-১ গোলের ব্যবধানে কাটলিছড়া সাব ডিভিশন স্পোর্টস এসোসিয়েশনকে পরাজিত করে ।

উল্লেখ্য প্রতিযোগীতার দুটি সেমি-ফাইনাল আগামি ৫ই ফেব্রুয়ারী এবং ৭ই ফেব্রুয়ারী ফাইনাল ম্যাচ অনুষ্টিত হবে ।

---